

উত্তরা ব্যাংক লিমিটেড

রেজিস্টার্ড ও হেড অফিস
৪৭, শহীদ বীর উত্তম আশফাকুস সামাদ সড়ক
মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা- ১০০০

৩৭তম বার্ষিক সাধারণ সভার নোটিশ

এই মর্মে নোটিশ দেয়া যাচ্ছে যে, উত্তরা ব্যাংক লিমিটেড এর ৩৭তম বার্ষিক সাধারণ সভা আগামী ২৫শে জুন, ২০২০ রোজ বৃহস্পতিবার সকাল ১১:৩০ মিনিটে “Digital Platform” এর মাধ্যমে অনুষ্ঠিত হবে এবং নিম্নবর্ণিত কাজসমূহ সম্পন্ন করা হবে :

- ২০১৯ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত সমাপ্ত বছরের চূড়ান্ত হিসাব এবং লাভক্ষতি হিসাবসহ পরিচালকমন্ডলী এবং নিরীক্ষকদের রিপোর্ট বিবেচনা ও গ্রহণ।
- ২০১৯ সালের ৩১শে ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য লভ্যাংশ ঘোষণা।
- পরিচালক নির্বাচন/ পুনর্নির্বাচন :
বিগত ৩৩তম বার্ষিক সাধারণ সভা (AGM)-এ নির্বাচিত ২ (দুই) জন পরিচালক কর্তৃক রুজুকৃত মামলায় পরিচালনা পর্ষদ গঠনের বিষয়টি বিচারাধীন (sub judge) হওয়ায় পরিচালক পদে নির্বাচন/ পুনর্নির্বাচন মূলতবী থাকবে।
- ২০২০ সালের জন্য (পরবর্তী বার্ষিক সাধারণ সভার সমাপ্তি পর্যন্ত) বহিঃনিরীক্ষক নিয়োগ ও তাদের পারিশ্রমিক নির্ধারণ।
- ২০২০ সালের জন্য Corporate Governance Code-২০১৮ অনুসারে Compliance Auditor নিয়োগ ও পারিশ্রমিক নির্ধারণ।
- সভাপতির অনুমতি সাপেক্ষে ন্যূনতম ৭ দিনের আগাম নোটিশে স্থিতি অন্যান্য জরুরী বিষয়সমূহ।

ব্যাংকের সম্মানিত শেয়ারহোল্ডারগণকে উক্ত সভায় যথাসময়ে “Digital Platform” এর মাধ্যমে সংযুক্ত থেকে সভায় অংশ গ্রহণ করার জন্য সবিনয় অনুরোধ জানানো যাচ্ছে।

তারিখঃ ০৯.০৬.২০২০ইং, ঢাকা

পরিচালকমন্ডলীর আদেশক্রমে

ইফতেখার জামান

নির্বাহী মহাব্যবস্থাপক ও সচিব

বিঃদ্রঃ

- নির্ধারিত রেকর্ড ডেট (Record Date) ০৩.০৬.২০২০ ইং।
- রেকর্ড ডেট (Record Date) এ কোম্পানির শেয়ার রেজিস্টারে অথবা ডিপোজিটরি (CDBL) রেজিস্টারে যে সকল সদস্যের (শেয়ারহোল্ডারের) নাম রেকর্ডভুক্ত থাকবে কেবল তাঁরাই বার্ষিক সাধারণ সভায় অংশ নেয়া, ভোট প্রদান করা এবং লভ্যাংশ পাওয়ার যোগ্য বিবেচিত হবেন।
- যথাযথ স্ট্যাম্পকৃত প্রক্সি ফর্মসমূহ অবশ্যই সভার কমপক্ষে ৪৮ ঘণ্টা আগে অর্থাৎ ২৩.০৬.২০২০ইং তারিখ সকাল ১১:৩০ মিনিটের মধ্যে ব্যাংকের রেজিস্টার্ড অফিসে জমা দিতে হবে।
- বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের নির্দেশনা নং- এসইসি/এসসিএমআইডি/০৪-২৩১/৯৩২ তারিখঃ ২৪.০৩.২০২০ অনুযায়ী বার্ষিক সাধারণ সভা “Digital Platform” এ live webcast এর মাধ্যমে অনুষ্ঠিত হবে।
- “Digital Platform” এর মাধ্যমে বার্ষিক সাধারণ সভায় সংযুক্ত হবার প্রয়োজনীয় Link, বিস্তারিত প্রক্রিয়া এবং এ সংক্রান্ত যাবতীয় তথ্য ব্যাংকের ওয়েবসাইটে (www.uttarabank-bd.com) পরবর্তিতে প্রদর্শিত হবে। উক্ত Link-টি সকল সদস্য/শেয়ারহোল্ডারকে email এর মাধ্যমেও পাঠানো হবে।
- সম্মানিত পরিচালকদের প্রতিবেদন ও নিরীক্ষকদের আর্থিক প্রতিবেদন সম্বলিত ব্যাংকের বার্ষিক প্রতিবেদন ব্যাংকের ওয়েবসাইটে (www.uttarabank-bd.com) প্রদর্শিত হবে এবং সকল সদস্য/শেয়ারহোল্ডারকে email এর মাধ্যমেও পাঠানো হবে।
- যে সকল সম্মানিত বিও (BO) হিসাবধারী শেয়ারহোল্ডারগণ বিও (BO) একাউন্ট সংশ্লিষ্ট অফিসে এবং ফলিও রেকর্ডভুক্ত শেয়ারহোল্ডারগণ ব্যাংকের শেয়ার বিভাগে e-TIN নম্বর (১২ অংক বিশিষ্ট) ব্যাংকের রেকর্ড ডেট (Record Date)এর পূর্বেই হালনাগাদ করেছেন/ জমা দিয়েছেন কেবল তাঁদের একাউন্ট হতে কর আইন ধারা-৫৪, XXXVI, ১৯৮৪ অনুসারে ১০% হারে অন্যথায় ১৫% হারে (ব্যক্তি হিসাবের ক্ষেত্রে) প্রাপ্য লভ্যাংশ হতে কর কর্তন করা হবে।
- মার্চেন্ট ব্যাংক ও ডিপোজিটরি পার্টসিপেন্টদের (DPs) অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রেকর্ড ডেট (Record Date) এ উল্লেখকৃত উত্তরা ব্যাংকের সম্মানিত শেয়ারহোল্ডারগণের নাম, বিও আইডি, ধারণকৃত শেয়ারের পরিমাণ ও প্রযোজ্য করের হার, মার্জিন লোনের পরিমাণ, ব্যাংক হিসাব নং, ব্যাংকের নাম, শাখার নাম, শাখার Routing Number এবং এতদ সংশ্লিষ্ট ব্যক্তির যোগাযোগের ঠিকানা ১৫/০৬/২০২০ইং তারিখের মধ্যে উত্তরা ব্যাংক লিমিটেড-এর শেয়ার বিভাগে এক্সেল (Excel) ফরম্যাট-এ (softcopy ও hardcopy) প্রেরণ করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে। অন্যথায় প্রাপ্য লভ্যাংশ শেয়ারহোল্ডারগণের হিসাবে ক্রেডিট করা হবে।